

বিজিএ/কাস/২০২৪/১৫

১০ জুন ২০২৪


সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: অফিস ও লেনদেন সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত পরিবর্তিত অফিস সময়সূচির অনুবর্তনে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ১৯ জুন ২০২৪ তারিখ হতে নতুন সময়সূচি অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে মর্মে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সার্কুলার জারী করা হয়েছে।

এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ডিওএস সার্কুলার লেটার নং-১৭ তারিখঃ ০৯ জুন ২০২৪ আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৭

২৬ জ্যৈষ্ঠ ১৪৩১
তারিখঃ -----
০৯ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

অফিস ও লেনদেন সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সরকার ঘোষিত অফিস সময়সূচির অনুবর্তনে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ১৯ জুন ২০২৪ তারিখ হতে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

দিবস	অফিস সময়সূচি	লেনদেন সময়সূচি
রবিবার হতে বৃহস্পতিবার	সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৬:০০ ঘটিকা পর্যন্ত	সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৪:০০ ঘটিকা পর্যন্ত
শুক্রবার ও শনিবার	সাপ্তাহিক ছুটি।	

২। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সার্বক্ষণিক চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ এ জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ এর নির্দেশনা বলবৎ থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাসুমা সুলতানা)
পরিচালক (ডিওএস)
ফোনঃ ৯৫৩০০৯৩